# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৪৭

তারিখ: ২৯ পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি ২০২২

বিষয়: **আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৩৩; তারিখ: ০৬ জানুয়ারি ২০২২
২) স্বারাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.০০.০০০০.০৭৫.০২.০০১.১৯-০১; তারিখ: ০২ জানুয়ারি ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে প্রাপ্ত পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রের প্রক্ষিতে গত ০২ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬ষ্ঠ সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১৯.৩ | মাদকের অপব্যবহার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ | (ট) সকল বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির সময় ডোপ টেস্ট বাধ্যতামূলক করতে হবে এবং নির্দিষ্ট সময় অন্তর অন্তর পুনঃপরীক্ষা করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |

এমতাবস্থায়, আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১৩ (তের) পৃষ্ঠা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৩.০১.২০২২

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৪৭(৮)

তারিখ: ২৯ পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি ২০২২

<u>সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. বিভাগীয় কমিশনার (সকল);
২. জেলা প্রশাসক (সকল);
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৪. জেলা শিক্ষা অফিসার (সকল);
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৬. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৩/১/২২

(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২- ৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd

E:\Admin\Jafar\Madrasah Letter\আইন শৃঙ্খলা সংক্রান্ত.Docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৩৩

তারিখ: ২২ পৌষ ১৪২৮
০৬ জানুয়ারি ২০২২

বিষয়: **আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.০৭৫.০২.০০১.১৯; তারিখঃ ০২-০১-২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে গত ০২ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬ষ্ঠ সভায় নিম্নোক্ত সিদ্ধান্তটি গ্রহণ করা হয়ঃ

ক্রমিক ১৯.৩ এর (ট):- **"সকল বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির সময় ডোপ টেস্ট বাধ্যতামূলক করতে হবে এবং নির্দিষ্ট সময় অন্তর অন্তর পুনঃপরীক্ষা করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।"**

০২. এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্তটি বাস্তবায়নের হালনাগাদ তথ্য অদ্য ০৬ জানুয়ারী ২০২২ তারিখের মধ্যে ই-মেইলযোগে (dsadmin@tmed.gov.bd) এ বিভাগে জরুরীভিত্তিতে প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ জননিরাপত্তা বিভাগের পত্র ও ৬ষ্ঠ সভা কার্যবিবরণী। (3831/potrojariAttachmentRef/26754/0/4337)

৬-১-২০২২
কাইজার মোহাম্মদ ফারাবী
উপসচিব
ফোন: ০২-৯৫৪৫৪৩৪
ইমেইল: dsadmin@tmed.gov.bd

বিতরণ :

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর

অতীব জরুরি

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নম্বর: ৪৩ তারিখঃ ৪/১/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-২
www.mhapsd.gov.bd

স্মারক নং:৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.১৯- ০২

তারিখঃ ১৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

**বিষয়: আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৩ জানুয়ারি ২০২২ তারিখ বেলা ১১:৩০ টায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব আ. ক. ম. মোজাম্মেল হক এর সভাপতিত্বে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৭ম সভা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ৬ষ্ঠ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম গত ৩০-০৭-২০২১ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার অনুরোধ জানিয়ে উক্ত সভার কার্যবিবরণী ইতোমধ্যে প্রেরণ করা হলেও অদ্যবধি কোনো প্রতিবেদন পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, ৭ম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির হালনাগাদ প্রতিবেদন আগামী ০৬ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে ই-মেইলযোগে (mohapol2@gmail.com) সফটকপিসহ হার্ডকপি সরাসরি রাজনৈতিক-২ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- ৬৫
তারিখ- 04 JAN 2022
যুগ্ম-সচিব (প্রশাসন-১)
যুগ্ম-সচিব (প্রশাসন-২)

সংযুক্তি ঃ ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

(জুবাইদা মান্নান)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৪৫২৩
ইমেইলঃ pol2@mhapsd.gov.bd

বিতরণ :সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠা বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রসারণ মন্ত্রণালয়/বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/আইন ও বিচার বিভাগ/ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৫। চীফ অব জেনারেল স্টাফ, সেনা সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৬। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০৭। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
০৮। মহাপরিচালক, বিজিবি/ডিজিএফআই/এনএসআই/বাংলাদেশ কোস্টগার্ড/র‍্যাব/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
০৯। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব, (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১। বিভাগীয় কমিশনার, (সকল)।
১২। কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশন, কক্সবাজার।
১৩। জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ/নোয়াখালী/চট্টগ্রাম।
১৪। অফিস কপি/মাষ্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-২
www.mhapsd.gov.bd

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আ. ক. ম. মোজাম্মেল হক<br>মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ০২ জুন, ২০২১; সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত মাননীয় সদস্যবৃন্দের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-ক |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-খ |

আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সম্মানিত সভাপতি উপস্থিত এবং online-এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি তাঁর প্রারম্ভিক বক্তব্যে বলেন, গত ২৬ ও ২৭ মার্চ ২০২১ তারিখে কতিপয় ধর্মান্ধ ব্যক্তিদের উস্কানিতে উচ্ছৃঙ্খল জনতা চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলায় ও ব্রাহ্মণবাড়িয়া জেলার বিভিন্ন স্থানে সরকার ও বেসরকারি অফিস ভবনে অগ্নিসংযোগ, ভাঙচুর, সড়ক অবরোধসহ নানা ধরনের ক্ষয়ক্ষতি সাধন করে। এর ফলে প্রায় ২০-২১ জন মানুষের প্রাণহানি ঘটে এবং যা ছিল রাষ্ট্রদ্রোহিতার সামিল। মাননীয় প্রধানমন্ত্রীর সার্বিক তত্ত্বাবধানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনায় আইন-শৃঙ্খলা বাহিনীর তাৎক্ষণিক হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। তিনি এ জন্যে সভার পক্ষ হতে মাননীয় প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী, সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ ও স্থানীয় প্রশাসকগণকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন, স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর অনুষ্ঠান চলাকালে সুপরিকল্পিতভাবে যারা এ ধরনের অরাজকতা ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড জড়িয়ে পড়েছেন তাদেরকে আইনের আওতায় এনে বিচারের সম্মুখীন করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সে সাথে সর্তক থাকতে হবে যাতে নিরাপরাধ কোনো ব্যক্তি হয়রানির সম্মুখীন না হন। তিনি দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করে বলেন, কোভিড-১৯ প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে আরও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে এবং স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালনের জন্য সর্তক করতে হবে। বিশেষ করে মাস্ক পরিধান করা, সামাজিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য সরকারি নির্দেশনাসমূহ অনুসরণকরণের ক্ষেত্রে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। বাংলাদেশের বিভিন্ন ক্যাম্পে অবস্থানরত বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধাসহ তাদের নিরাপদ জীবন ধারনের লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন করে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জাতিসংঘের প্রতিনিধিসহ বিভিন্ন দেশের মান্যবর রাষ্ট্রদূত, বিভিন্ন সাহায্য সংস্থার প্রতিনিধিবৃন্দ ইতিবাচক মনোভাব ব্যক্ত করে উচ্ছসিত প্রশংসা করেছেন। বিশেষ করে ভাষানচরের অবকাঠামো ও বসবাসের পরিবেশ দেখে তারা সন্তোষ প্রকাশ করেছেন। তারপরেও রোহিঙ্গা নাগরিকদের উস্কানি প্রদানের মাধ্যমে একটি গোষ্ঠী নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ভাতা প্রদানের জন্য বিক্ষোভ প্রদর্শন, সভা-সমাবেশ করানোর প্রচেষ্টা, কর্মসংস্থানসহ ব্যবসা করার অধিকার প্রদান ইত্যাদি বিষয়ে দাবি উত্থাপন করাচ্ছে। এর পিছনে কোনো ব্যক্তি, গোষ্ঠী বা সংস্থার কোন সম্পৃক্ততা রয়েছে কিনা; তা ক্ষতিয়ে দেখা প্রয়োজন। তিনি আরও বলেন, পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ হতে জানা যাচ্ছে যে, বিভিন্ন মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে মাদকাসক্ত রোগীদের মোটিভেশনের পরিবর্তে তাদের উপর বিভিন্নভাবে নির্যাতন করা হচ্ছে, যা অত্যন্ত উদ্বেগজনক। সারাদেশে বর্তমানে কতগুলো মাদকাসক্তি নিরাময় কেন্দ্র রয়েছে, নিরাময় কেন্দ্রগুলোতে কতজন চিকিৎসক কর্মরত রয়েছে এবং কিভাবে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে সেসব বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের নজরদারি করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে একটি নীতিমালা প্রণয়ন করা যেতে পারে। এলএসডি ও আইস নামক ক্ষতিকর ও মূল্যবান মাদক যেনো সমগ্র দেশে ছড়িয়ে পড়তে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের কঠোর নজরদারি অব্যাহত রাখতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে ডোপ-টেস্ট করার বিষয়টি কঠোরভাবে অনুসরণ করতে হবে। ফেইসবুক, ইউটিউবসহ অন্যান্য বহুল ব্যবহৃত সোশ্যাল মিডিয়ার অফিস/কার্যালয় বাংলাদেশে স্থাপনসহ সোশ্যাল মিডিয়া, ই-কমার্স ও স্যোশাল মিডিয়াতে বিজ্ঞাপন দাতাদের কর, ভ্যাট ও ট্যাক্সের আওতায় আণয়নের কার্যক্রম অব্যাহত রাখার জন্য তিনি সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানান।

০৯। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বলেন, পবিত্র ঈদ-উল-আযহা-২০২১ এর আগেই কোরবানীর পশুর চামড়ার ন্যায্য মূল্য নির্ধারণ করা প্রয়োজন। গাজীপুর, নারায়ণগঞ্জ, সাভারসহ অন্যান্য শিল্পাঞ্চলে গার্মেন্টসকর্মী, স্বামী পরিত্যক্তা, বিধবা ও অসহায় দুস্থ মায়েদের সন্তানদের ধর্মীয় শিক্ষা প্রদান এবং দিনব্যাপী লালন পালনের উদ্দেশ্যে লিল্লাহ বোর্ডিং ও এতিমখানার ব্যানারে ডে-কেয়ার সেন্টার পরিচালিত হচ্ছে। শিল্পাঞ্চলে পরিচালিত এ ধরনের ডে-কেয়ার সেন্টারগুলোতে ধর্মের নামে বিভিন্ন মতাদর্শের শিক্ষায় শিশু-কিশোর লালিত-পালিত হচ্ছে। সকল লিল্লাহ বোর্ডিংগুলোর বিকল্প তৈরির লক্ষ্যে তথ্য সংগ্রহ করে সরকারি ও বেসরকারি উদ্যোগে ডে-কেয়ার সেন্টার স্থাপনসহ অন্যান্য উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া সীমান্ত এলাকায় ব্যাপকহারে দিন দিন কোভিড-১৯ ছড়িয়ে পড়ায় সীমান্তে নজরদারি বৃদ্ধি করার জন্য দ্রুত কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১০। মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় বলেন, রাষ্ট্রের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচারকারীদের চিহ্নিত করে আইনের আওতায় আনয়ন করতে হবে এবং এ সকল সামাজিক মাধ্যমগুলো পরিচালনাকারী প্রতিষ্ঠান/সংস্থাকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো প্রয়োজন। বিদেশে অবস্থান করে যারা এ ধরনের অপতৎপরতা চালাচ্ছে ঐ দেশস্থ বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দেশের সরকারকে অনুরোধ জানাতে হবে এবং এ ধরনের মাধ্যমসমূহকে বাংলাদেশে বন্ধ করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

১১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ বলেন, ডোপ টেস্টের নীতিমালা ভেটিং এর জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অন্যান্য বিষয়গুলো চলমান রয়েছে। মাদকের বিরুদ্ধে শুন্য সহিষ্ণুতা নীতি গ্রহণ করে সার্বিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

১২। পুলিশ মহাপরিদর্শক বলেন, পার্বত্য শান্তিচুক্তির আলোকে তিন পার্বত্য জেলায় সশস্ত্র বাহিনী কর্তৃক ছেড়ে আসা ক্যাম্পগুলোতে পুলিশ ক্যাম্প স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। এ বিষয়ে খাগড়াছড়ি ও বান্দরবান রিজিয়ন হতে সার্বিক সহযোগিতা প্রদান করা হলেও রাঙামাটি রিজিয়ন সশস্ত্র বাহিনী বিভাগ ও ২৪ পদাতিক ডিভিশন এর নির্দেশের অপেক্ষায় রয়েছে। তাই সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক এ বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান প্রয়োজন। প্রায়শই রোহিঙ্গা ক্যাম্পে আকস্মিক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটছে যা সন্দেহজনক এবং তদন্ত করে দেখা হচ্ছে। রোহিঙ্গাদের নিজেদের মধ্যে অপহরণ খুন ও মাদক ব্যবসা কার্যক্রম নিয়ে অভ্যন্তরীণ সমস্যা দিন দিন বৃদ্ধি, পাচ্ছে যা নিয়ন্ত্রণ করা কষ্টকর। তারা মাঝে মধ্যে ক্যাম্প হতে পালিয়ে মায়ানমারে গমনাগমন করছে। মায়ানমারের সীমান্তে মাইন পুতে রাখা হলেও যাতায়াতকালে কেউ মাইনে আহত হওয়ার খবর পাওয়া যায়নি। এমনকি তাদের কেউ মায়ানমার সীমান্তে আটক হয়েছে মর্মে কোন তথ্য নেই। অন্যদিকে ভাষানচরে স্থানান্তরিত রোহিঙ্গারা কর্মসংস্থানের সুযোগ চাচ্ছে। বিশ্বের কোথাও শরণার্থীদের কাজ করার কোনো তথ্য নেই। কক্সবাজারস্থ ক্যাম্পে থাকাকালীন তারা ক্যাম্পের বাইরে কাজ করতো। স্থানীয় লোকজন দেশীয় শ্রমিকদের চেয়ে কম মূল্যে তাদের নিয়োজিত করায় স্থানীয়দের মধ্যে ক্ষোভের সৃষ্টি হচ্ছে। ভাষানচরে তারা স্বাস্থ্যসেবার অপ্রতুলতা নিয়ে কথা বলছে। নোয়াখালী, হাতিয়া ও সন্দ্বীপ থেকে বাংলাদেশি নাগরিকরা ব্যবসার উদ্দেশ্যে নৌকাযোগে ভাষানচরে গমনাগমন করছে। মূল ভূ-খণ্ড থেকে ব্যবসা করার উদ্দেশ্যে গমনকারী ব্যবসায়ীদের নৌকার লোকজনের সাথে অর্থের বিনিময়ে ভাষানচরে বসবাসরত রোহিঙ্গারা মূল ভূখণ্ডে গমনাগমন করছে মর্মে তথ্য পাওয়া যাচ্ছে। তিনি আরও বলেন, বাংলাদেশ ব্যাংক কর্তৃক মানি লন্ডারিং মামলা দায়ের করা হলে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাপ্ত বিজ্ঞাপনের টাকা সরাসরি বিদেশে প্রেরণ নিয়ন্ত্রণ করা যেতে পারে। সাইবার ক্রাইমের প্রায় ৭০% বিদেশ থেকে নিয়ন্ত্রিত হয়। সাইবার প্যাট্রোলিং করে দেশ হতে প্রচারিত/প্রকাশিত বিষয়গুলো নিয়ন্ত্রণ করা সম্ভব হলেও কানাডা, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, দুবাই, মালয়েশিয়া ও অন্যান্য দেশ হতে নিয়ন্ত্রিত অপপ্রচারকারীদের বাংলাদেশ হতে নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে বাংলাদেশ পুলিশের সাইবার ক্রাইম ইউনিট কাজ করছে।

১৩। চেয়ারম্যান, বিটিআরসি বলেন, ICT থেকে Data Protection আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে Data সার্বভৌমত্বের জন্য যেহেতু বিদেশি প্রতিষ্ঠানগুলোর যথা ফেসবুক ও ইউটিউবসহ অন্যান্য অফিসের উপর নির্ভর করতে হয়, সেহেতু তাদের সাথে পৃথক পৃথক চুক্তি করতে হবে এবং এ ধরনের চুক্তি ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

১৯। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৯.১ | আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে কার্যক্রম গ্রহণ | (ক) দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | পুলিশ অধিদপ্তর/বিজিবি/ এনএসআই/ডিজিএফআই/ এসবি |
| | | (খ) দেশের আইন-শৃঙ্খলা বিষয়ে গোয়েন্দা সংস্থাসমূহ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অধিকতর সচেতন থাকতে হবে। | |
| | | (গ) অপরাধ সংক্রান্ত তথ্যাবলী ও প্রতিবেদন জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে। | |
| ১৯.২ | বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী জোরপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার (রোহিঙ্গা) নাগরিকদের বিষয়ে পদক্ষেপ গ্রহণ | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক কক্সবাজার জেলাস্থ রোহিঙ্গা ক্যাম্পগুলোর চারদিকে নিরাপত্তা বেষ্টনী নির্মাণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | জননিরাপত্তা বিভাগ/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সশস্ত্র বাহিনী বিভাগ |
| | | (খ) আর্থিক বিধি-বিধান অনুসরণ করে চলমান ২০২০-২০২১ অর্থ বছরে অবশিষ্ট অর্থ জননিরাপত্তা বিভাগ কর্তৃক ছাড়করণের ব্যবস্থা করতে হবে। | |
| | | (গ) অনুমোদিত প্ল্যান ও প্রাক্কলন মোতাবেক নিরাপত্তা বেষ্টনী নির্মাণ কাজে সশস্ত্র বাহিনী বিভাগকে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখবে। | সশস্ত্র বাহিনী বিভাগ |
| | | (ঘ) রোহিঙ্গা ক্যাম্পের অভ্যন্তরে এপিবিএন এর ক্যাম্প স্থাপন দ্রুত সম্পন্ন করতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ/পুলিশ অধিদপ্তর/বিজিবি/র‍্যাব |
| | | (ঙ) রোহিঙ্গা ক্যাম্পে বসবাসকারী বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকরা যাতে অস্ত্র ও মাদক ব্যবসার সাথে সম্পৃক্ত হতে না পারে সে বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনীর অভিযান অব্যাহত রাখতে হবে। সীমান্তে কঠোরভাবে যৌথ নজরদারি অব্যাহত রাখতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিজিবি |
| | | (চ) উখিয়া হতে টেকনাফ পর্যন্ত রোহিঙ্গা ক্যাম্প এলাকায় রাত্রিকালীন কার্যকর যৌথ টহল অব্যাহত রাখতে হবে। | পুলিশ অধিদপ্তর/সশস্ত্র বাহিনী বিভাগ/বিজিবি/র‍্যাব |
| | | (ছ) রোহিঙ্গা নাগরিকগণ যাতে বাংলাদেশের পাসপোর্ট গ্রহণ করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে এবং ক্যাম্পের বাহিরে অবস্থানকারী/গমনকারী রোহিঙ্গাদের চিহ্নিত করে তাদেরকে ক্যাম্পে ফেরত আনয়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/পুলিশ অধিদপ্তর/স্থানীয় সরকার বিভাগ |
| | | (জ) ক্যাম্পে অবস্থানরত রোহিঙ্গা নাগরিকদের মধ্যে কেউ অপরাধের সাথে সম্পৃক্ত হলে তাদেরকে চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ/পুলিশ অধিদপ্তর/বিজিবি/ বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম |
| | | (ঝ) নোয়াখালী, সন্দ্বীপ ও হাতিয়াসহ অন্যান্য স্থান/এলাকা হতে বাংলাদেশি সাধারণ নাগরিকদের নৌপথে ভাষানচরে গমনাগমন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাংলাদেশ কোস্টগার্ড/সংশ্লিষ্ট জেলা প্রশাসক |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৯.৪ | জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণ লক্ষ্যে উদ্যোগ গ্রহণ | (ক) জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলন অব্যাহত রাখতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিভাগীয় কমিশনার (সকল) |
| | | (খ) মসজিদ, মন্দিরসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী বক্তব্য প্রচার অব্যাহত রাখা নিশ্চিত করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| | | (গ) জঙ্গি ও সন্ত্রাসী সংগঠনসমূহ যাতে নতুন করে সংগঠিত হতে না পারে সেজন্য কঠোর গোয়েন্দা নজরদারি ও অভিযান অব্যাহত রাখতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ এসবি/এনএসআই/ডিজিএফআই |
| | | (ঘ) আটককৃত জঙ্গি ও সন্ত্রাসীদের বিরুদ্ধে চলমান মামলাসমূহ বিধি-বিধানের আলোকে দ্রুত নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | আইন ও বিচার বিভাগ/পুলিশ অধিদপ্তর |
| ১৯.৫ | আন্তর্জাতিক মাধ্যমে ও সামাজিক মিডিয়া ব্যবহারের মাধ্যমে রাষ্ট্র বিরোধী প্রচার-প্রচারণার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ | (ক) দেশের বাইরে অবস্থান করে সরকার বিরোধী কর্মকাণ্ড পরিচালনা, উস্কানিমূলক বক্তব্য প্রদানকারী এবং তালিকাভুক্ত সন্ত্রাসীদের ঐ দেশের আইনের আওতায় আনয়ন করে শাস্তির/বিচারের মুখোমুখি করার লক্ষ্যে বাংলাদেশ দূতাবাসসমূহ কর্তৃক সংশ্লিষ্ট সরকারের নিকট আবেদন জানানো অব্যাহত রাখতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | | (খ) সামাজিক যোগাযোগ মাধ্যমসহ দেশের সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে সরকারের সকল উন্নয়ন কার্যক্রমের তথ্যাদি নিয়মিতভাবে গুরুত্বসহকারে প্রচার-প্রচারণার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | তথ্য মন্ত্রণালয় |
| | | (গ) বিদেশে পার্সেল প্রেরণের ক্ষেত্রে প্রেরণকারী ব্যক্তি কর্তৃক জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করা বাধ্যতামূলক করতে হবে। বিদেশে প্রেরণ যোগ্য পার্সেল ও সকল ডাক জিপিও এর মাধ্যমে স্ক্যানিং করে বিমানবন্দরে প্রেরণ এবং বিমানবন্দরে স্ক্যানিং বাধ্যতামূলক করতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় |
| | | (ঘ) Data এর সার্বভৌমত্ব রক্ষার জন্য বিদেশি প্রতিষ্ঠানগুলো যথা ফেসবুক ও ইউটিউবসহ অন্যান্য অফিসের সাথে চুক্তি সম্পাদন করতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | (ঙ) বিদেশী ডোমেইন এর মাধ্যমে পরিচালিত সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে প্রচারিত বিজ্ঞাপনের বিল বাবদ প্রেরিত অর্থের ভ্যাট, ট্যাক্স আদায় নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড |
| | | (চ) পরবর্তী সভায় জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে হবে। | জননিরাপত্তা বিভাগ |
| | | (ছ) অবাস্তব/লোভনীয় অফার দিয়ে প্রকাশিত বিজ্ঞাপনদাতাদের তালিকা ও আয়ের উৎসের প্রতি নজরদারি বাড়াতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড/ পুলিশ অধিদপ্তর/ এনএসআই/ডিজিএফআই/এসবি |

২০। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে তাদের নিজ-নিজ দায়িত্ব সততা, দক্ষতা, সর্তকতা ও অধিকতর আন্তরিকতার সাথে পালনের আহবান জানিয়ে, সভা কক্ষে উপস্থিত ও ভার্চুয়ালী সংযুক্ত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে অতিমারী কোভিড-১৯ এর কারণে সকলকে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ ও সামাজিক দূরত্ব মেনে চলার অনুরোধ জানিয়ে সভা শেষ করা হয়।

স্বাক্ষরিত/-
২৪/০৬/২০২১
(আ.ক.ম. মোজাম্মেল হক)
মাননীয় মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ও
আহবায়ক
আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি